রোগীর তথ্য: স্বাস্থ্য বীমার বিলিং ও ফী

নিউইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট প্রাপ্তবয়স্কদের (19 বছর ও তার বেশি বয়স্ক) দেওয়া ক্লিনিক পরিষেবাগুলোর জন্য স্বাস্থ্য বীমার তথ্য জানতে চায় অথবা একটা ফী দাবি করে। মেডিকেইড স্ট্যান্ডার্ড ও অন্যান্য আইনি আবশ্যকতাগুলো পূরণ করার জন্য হেলথ ডিপার্টমেন্টকে পরিষেবাগুলোর জন্য অবশ্যই বীমা বা অর্থপ্রদান চাইতে হয়।

আপনার যদি বীমা না থাকে অথবা আপনি ফী পরিশোধ করতে না পারেন, তাহলেও আপনি পরিষেবাগুলো পেতে পারেন।

আমি কি সাক্ষাতের জন্য মূল্য পরিশোধ করতে স্বাস্থ্য বীমা ব্যবহার করতে পারি?
হ্যাঁ, আপনি আপনার বীমা ব্যবহার করতে পারেন। হেলথ ডিপার্টমেন্ট আপনার বীমার প্ল্যান থেকে বিলের অর্থ নেবে। একটি আংশিক অর্থপ্রদান (কো-পেমেন্ট) করার প্রয়োজন হতে পারে।

আমার যদি কোনো বীমা কার্ড না থাকে তাহলে কি হবে?
আপনার যদি স্বাস্থ্য বীমা থাকে, কিন্তু আপনার কার্ডটি আপনার কাছে না থাকে, তাহলে ক্লিনিক আপনাকে একটি চিঠি দেবে যাতে আপনি সাক্ষাতের পরে আপনার বীমার তথ্য ডাকে পাঠিয়ে দিতে পারেন। আপনি যদি আপনার বীমা ব্যবহার করেন, তাহলে একটি আংশিক অর্থপ্রদান (কো-পেমেন্ট) করার প্রয়োজন হতে পারে।

আমার যদি বীমা না থাকে বা আমি বীমা থেকে বিলের অর্থ পরিশোধ করতে না চাই, তাহলে?
আপনি তাহলেও পরিষেবাগুলো পেতে পারেন। হেলথ ডিপার্টমেন্ট আপনাকে আপনার পরিবারের আয়তন ও বার্ষিক আয়ের ভিত্তিতে একটি স্লাইডিং স্কেল ফী পরিশোধ করতে বলবে। আপনার কাছে পরিবারের আয়তন বা আয়ের প্রমাণ চাওয়া হবে না। ক্লিনিকে কোনো অর্থ নেওয়া হবে না। আপনি সাক্ষাতের পরে ডাকে অর্থ পাঠিয়ে দিতে পারেন।

আমি যদি ফী পরিশোধ করতে না পারি তাহলে?
আপনার যদি বীমা না থাকে অথবা আপনি ফী পরিশোধ করতে না পারেন, তাহলেও আপনি পরিষেবাগুলো পেতে পারেন।

আমার সাক্ষাতটি কি গোপনীয়?
হ্যাঁ। বিশদ তথ্যের জন্য, অনুগ্রহ করে ক্লিনিকের কর্মীদের কাছে হেল্থ ইনসিওরেন্স পোর্টেবিলিটি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি অ্যাক্ট (Health Insurance Portability and Accountability Act, HIPAA) অনুযায়ী গোপনীয়তার বিজ্ঞপ্তি চান। হেল্থ ডিপার্টমেন্ট আপনাকে কোনো বিল, আর্থিক বিবৃতি বা রসিদ পাঠাবে না।

অনুগ্রহ করে মনে রাখবেন: অনেক স্বাস্থ্য বীমা প্রদানকারী পলিসি ধারককে সাক্ষাতের বিশদ তথ্য সহ (পরীক্ষা, রোগনির্ণয়, ও চিকিৎসা সহ) সুবিধাসমূহের একটি ব্যাখ্যা (EOB) পাঠায়। আপনি যদি পলিসি ধারককে তথ্য পাঠানোর ব্যাপারে উদ্বিগ্ন হন, তাহলে আপনি বীমা প্রদানকারীর সঙ্গে যোগাযোগ করতে পারেন এবং অন্য কোনো ঠিকানায় EOB পাঠানোর অনুরোধ করতে পারেন। আরেকটি বিকল্প হল হেল্থ ডিপার্টমেন্ট-এর স্লাইডিং স্কেল ব্যবহার করে নিজেই সাক্ষাতের জন্য অর্থ পরিশোধ করা।

আমার কোনো প্রশ্ন থাকলে কী হবে?
বিলিং সংক্রান্ত আরো তথ্যের জন্য, nyc.gov/health দেখুন এবং "clinic billing FAQ" ("ক্লিনিক বিলিং FAQ") সন্ধান করুন অথবা 311 নম্বরে ফোন করুন এবং "হেল্থ ডিপার্টমেন্ট ক্লিনিক বিলিং" সম্বন্ধে জিজ্ঞাসা করুন। আপনি ক্লিনিকের কর্মীদেরও জিজ্ঞাসা করতে পারেন।